

আল-কাসাস | Al-Qasas | الْقَصَص

আয়াতঃ ২৮ : ৪৪

আরবি মূল আয়াত:

وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ إِذْ قَضَيْنَا إِلَىٰ مُوسَى الْأَمْرَ وَمَا كُنْتَ مِنَ
الشَّاهِدِينَ ﴿٢٨﴾

অনুবাদসমূহ:

আর (হে নবী) আমি যখন মূসাকে বিধান দিয়েছিলাম তখন তুমি (তুর পাহাড়ের) পশ্চিম পাশে উপস্থিত ছিলে না।
আর তুমি প্রত্যক্ষদর্শীদের অন্তর্ভুক্তও ছিলে না। — আল-বায়ান

মূসাকে যখন আমি নির্দেশনামা দিয়েছিলাম তখন তুমি (তুওয়া উপত্যকার) পশ্চিম প্রান্তে ছিলে না, আর ছিলে না
তুমি প্রত্যক্ষদর্শী। — তাইসিরুল

মূসাকে যখন আমি বিধান দিয়েছিলাম তখন তুমি পশ্চিম প্রান্তে উপস্থিত ছিলেনা এবং তুমি প্রত্যক্ষদর্শীও ছিলেনা।
— মুজিবুর রহমান

And you, [O Muhammad], were not on the western side [of the mount] when
We revealed to Moses the command, and you were not among the witnesses
[to that]. — Sahih International

৪৪. আর মূসাকে যখন আমরা বিধান দিয়েছিলাম তখন আপনি পশ্চিম প্রান্তে উপস্থিত ছিলেন না(১) এবং
আপনি প্রত্যক্ষদর্শীদেরও অন্তর্ভুক্ত ছিলেন না।

(১) পশ্চিম প্রান্ত বলতে সিনাই উপদ্বীপের যে পাহাড়ে মূসাকে শরীয়াতের বিধান দেয়া হয়েছিল সেই পাহাড়
বুঝানো হয়েছে। এ এলাকাটি হেজাজের পশ্চিম দিকে অবস্থিত। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৪৪) মূসাকে যখন আমি বিধান দিয়েছিলাম, তখন তুমি পর্বতের পশ্চিম পাশে উপস্থিত ছিলে না এবং
তুমি প্রত্যক্ষদর্শীও ছিলে না। [১]

[১] অর্থাৎ, যখন আমি তুর পর্বতে মূসার সাথে কথোপকথন করেছিলাম ও তাঁকে অহী ও নবুঅত দ্বারা সম্মানিত
করেছিলাম। তখন (হে মুহাম্মাদ!) তুমি সেখানে উপস্থিত ও প্রত্যক্ষদর্শী ছিলে না; বরং এটি এমন অদৃশ্যের সংবাদ
যা আমি অহী দ্বারা তোমাকে অবহিত করেছি, আর তা এ কথার প্রমাণ যে, তুমি সত্য নবী। কারণ, না তুমি এ

কথা কারো নিকটে শুনেছ, আর না তুমি এ ঘটনা প্রত্যক্ষ করেছ। এ বিষয়টি আরো বিভিন্ন স্থানে বর্ণিত হয়েছে।
যেমন সূরা আলে-ইমরান ৪৪, হূদ ৪৯,১০০, ইউসুফ ১০২, ত্বাহা ৯৯নং আয়াত ইত্যাদি দ্রষ্টব্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3296>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন